

চাঁদপুরের সরকারী কারিগরি বিদ্যালয়ের বিভিন্ন সমস্যা

50

চাঁদপুর সংবাদদাতা ॥ চাঁদপুর শহর হইতে দুই কিঃ মিঃ উত্তরে ১৯৬৫ সালে ১৪ একর সম্পত্তির উপর সরকারী কারিগরি উচ্চ বিদ্যালয়টি নির্মিত হওয়ার পর বর্তমানে তাহা বিভিন্ন সমস্যায় জর্জরিত।

সমস্যাসমূহের মধ্যে প্রয়োজনীয় বৈদ্যুতিক সংযোগ, পানি সরবরাহ, প্রয়োজনীয় আসবাবপত্র ও শিক্ষক সংকট প্রধান।

(৯ম পৃঃ ডঃ)

চাঁদপুরের সরকারী (৩য় পৃঃপর)

চট্টগ্রাম বিভাগের মধ্যে একমাত্র কারিগরি উচ্চ বিদ্যালয়টিতে কাঠ ও খেটাল ওয়ার্কের বিষয়ে হাতেকলমে শিক্ষা গ্রহণের পদ্ধতি থাকিলেও তাহা দীর্ঘদিন যাবৎ অযত্ন ও অবহেলায় বিলুপ্তপ্রায় হইয়া পড়িয়াছে।

১৪ একর সম্পত্তির উপর নির্মিত তিনতলা (H) এইচ আকার বিশিষ্ট বিরাটকার ১টি স্কল ভবন (I) আই আকারের তিনতলা একটি হোস্টেল ভবন, প্রধান শিক্ষক, সহকারী প্রধান শিক্ষকের আবাসিক কোয়ার্টার রহিয়াছে কিন্তু ইহার চারিদিকে কোন সীমানা প্রাচীর না থাকার কারণে সারাক্ষণ গোচারণ ভূমিতে পরিণত হয়।

হোস্টেলে তেমন কোন ছাত্র না থাকার ফলে গত ১০/১১ বছর যাবৎ এই হোস্টেলের একটি বিরাট অংশ জেলা শিক্ষা অফিস দখল করিয়া আছে এবং তাহাদের অফিসের কার্যক্রম চলিতেছে।

এই বিদ্যালয়টিকে একটি পূর্ণাঙ্গ পলিটেকনিক্যাল কলেজ হিসাবে রূপান্তর করার জন্য বিভিন্ন মহল হইতে বার বার বহু আবেদন নিবেদন করা হইয়াছে। বহু আশ্বাসও পাওয়া গিয়াছে কিন্তু কোন কার্যকারিতা হয় নাই।

অবশেষে ২৮শে নভেম্বর, '৯৯ প্রধানমন্ত্রী চাঁদপুর ষ্টেডিয়ামে এক জনসভায় এই ব্যাপারে চূড়ান্ত ঘোষণা দিয়াছেন। এই সংবাদ লেখা পর্যন্ত ইহার কোন আলামত এখনও শুকু হয় নাই।